

ঘান

অমর চক্রবর্তী

দুঃসময়ের গন্ধ খুব বেশী ছড়িয়ে পড়ে
দরোজার একেবারে কাছে চলে আসে
সেই অন্ধকার ওষুধ গন্ধ একা নিতে হয়, সহ্য করতে হয়।

সুসময়ের গন্ধ অনেক দেরিতে আসে
টিভিতে যেমন লাইভ সংবাদদাতার কন্ঠে
অনেক পরে পৌঁছায় স্টুডিয়ার ঘোষিকার কন্ঠ

সুসময়ের গ্রাণ অনেক পরে পাওয়া যাবে
মৃত্যুর কাছে পৌঁছালে তবে?

সুসময়ের ঘ্রাণ কিছু পারফিউমের মত
অনেক পরে পাওয়া যায় জলপাই গন্ধ।

ফেস বুক

১. ভোরের আকাশও ফেসবুক
নৈঃশব্দে ছবি পাঠিয়েছে উজ্জলার
একটু একটু করে রঙে ফুটেছে বিভঙ্গ
সাদা মেঘ, সূর্যোদয়, সন্ত্রম রংবাহার।

২. অনেক লড়াই আর নৈরাজ্য কিনেছ
ও মানুষ এবার যাও মধুপুরে

এবার কিছু বৃষ্টি কেনো, রোদ ধার নাও
বৃষ্টিজলে ভাসিয়ে দাও উদ্বেগ, ভুলের সমারোহ

প্রকৃতি কবে থেকেই পাঠিয়ে যাচ্ছে এই ছবি
বাঁচার অমোঘ – বার্তা লিখে যাচ্ছে
আকাশের টুইটারে...